বিমান বাংলাদেশ এয়ার লাইন্স লিঃ
প্রকিউরমেন্ট এন্ড লজিস্টিক সাপোর্ট পরিদপ্তর

দরপত্র নং: ঢাকপিপি/নিলাম/০১/জিএসই/পিডব্লিউ/এমটি/পিপি/২০২০-২১ তারিখঃ ০৩/০৯/২০২০ খ্রিঃ

সিডিউলের মূল্য= ২০০০.০০ (দুই হাজার টাকা) মাত্র (অফেরতযোগ্য)

দরপত্র বন্ধ/খোলার তারিখঃ ০৮/১০/২০২০ খ্রিঃ

দরপত্র বন্ধ/খোলার সময়ঃ ১১৩০/১৪৩০ ঘটিকা (স্থানীয় সময়)

প্রতিষ্ঠানের নামঃ ....

ক্যাশ রিসিট নং ....তারিখঃ.................

স্বাক্ষর ....পি নং.....................

গ্রুপ - সি

বিষয়ঃ এমটি বিভাগের অব্যবহারযোগ্য কার ০৯টি এবং মাইক্রোবাস ০১টি পরিমানঃ ০১ লট ‘‘যেখানে, যে অবস্থায় আছে’’ ভিত্তিতে নিলামে বিক্রয়ের জন্য দরপত্র সিডিউল।

দরপত্র সিডিউলের শর্ত ও নিয়মাবলীঃ

০১। ব্যবস্থাপক হিসাব, ক্যাশ এন্ড ব্যাংকিং, বিমান, বলাকা ভবন (নীচ তলা), হযরত শাহ জালাল আন্তর্জাতিক বিমান বন্দর, কুর্মিটোলা, ঢাকা এর অফিস হতে নগদ পরিশোধ সাপেক্ষে প্রতি কার্য্য দিবসে আগামী ০৪/১০/২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত ক্রয় করা যাবে। টেন্ডার সিডিউল ক্রয়ের সময় দরপত্র নম্বর ও গ্রুপ নম্বর উল্লেখপূর্বক নিজ প্রতিষ্ঠানের লেটার হেড প্যাডে একটি লিখিত আবেদন করতে হবে।

০২। দরপত্র একটি সীলমোহরকৃত বদ্ধ খামে দরপত্র নম্বর ও গ্রুপ নম্বর উল্লেখপূর্বক মহাব্যবস্থাপক প্রকিউরমেন্ট, প্রকিউরমেন্ট এন্ড লজিস্টিক সাপোর্ট পরিদপ্তর, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স, ঢাকা বরাবরে দাখিল করতে হবে।

০৩। দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্সের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

০৪। দরপত্রের সাথে সর্বশেষ (হালনাগাদ) আয়কর রিটার্ন দাখিল করা হয়েছে মর্মে টিআইএন নম্বর উল্লেখ পূর্বক নিজ প্রতিষ্ঠানের আয়কর সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

০৫। দরপত্রের সাথে নিজ প্রতিষ্ঠানের বৈধ ভ্যাট নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

০৬। দরপত্রের সাথে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের অনুকূলে যে কোন সিডিউল ব্যাংক হতে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে দরপত্রে প্রদত্ত মোট মুল্যের ১৫% হারে জামানতের টাকা জমা দিতে হবে। দরপত্রে জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর নম্বর, তারিখ ও টাকার পরিমান অংকে ও কথায় উল্লেখ করতে হবে। জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এবং দরপত্র ক্রয়ের রশিদ (সি.আর.) এর মূল কপি দরপত্রের সঙ্গে অবশ্যই সংযুক্ত করে দিতে হবে। অন্যথায় দরপত্র বাতিল হিসেবে পরিগণিত হবে।

০৭। দরপত্রে, মূল্য সিডিউল পরিশিষ্ট-০১, লটওয়ারী দর অংক ও কথায় লিখতে হবে। কোন প্রকার কাটাকাটি কিংবা ঘষা/মাজা হলে দরদাতার প্রতিস্বাক্ষর অবশ্যই থাকতে হবে।

০৮। মূল দরপত্রের প্রতি পাতায় দরপত্র প্রতিষ্ঠানের নাম উল্লেখসহ দরদাতার স্বাক্ষর অবশ্যই থাকতে হবে। ইহা ছাড়াও অত্র নিলামে অংশগ্রহণকারী প্রতিষ্ঠান সমূহ কর্তৃক নিজ নিজ সীলমোহর সম্বলিত লেটার হেড প্যাডে লিখিত ভাবে সিডিউলের সাথে সংযোজিত ডকুমেন্ট সমূহের পূর্ণাঙ্গ বর্ণনা প্রদান করতে হবে।

০৯। সকল প্রকার মালামাল ‘‘যেখানে, যে অবস্থায় আছে’’ ভিত্তিতে দরপত্র প্রদান করতে হবে এবং অনুরূপভাবে ডেলিভারী প্রদান করা হবে। এই ক্ষেত্রে পরবর্তীতে কোন ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১০। নিলাম দরপত্রে অংশগ্রহনকারী দরদাতার উদ্ধৃত দরই (Quoted Price) চূড়ান্ত (Firm & Final) বলে গন্য হবে। দরপত্র খোলার পরে সর্বোচ্চ দরদাতার বাইরে অন্য কোন দরদাতা দরবৃদ্ধি করলে, তা গ্রহনযোগ্য হবেনা।

১১। দরপত্রের মেয়াদ ১২০(একশত বিশ) দিন থাকতে হবে।

১২। আগ্রহী দরদাতাগণ ০৬/১০/২০২০ খ্রিঃ তারিখ স্থানীয় সময় ১১৩০ ঘটিকায় অফিস চলাকালীন সময়ে সিডিউল ক্রয়ের নগদ প্রাপ্তি রশিদের মূল কপি এবং জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি সহ ম্যানেজার কমার্শিয়াল স্টোরস, কক্ষ নং-২০৫, ঢাকা এর অফিসে যোগাযোগ করে দরপত্রে বর্ণিত মালামাল পরিদর্শন করতে পারবেন। দরপত্র দাখিলের পর এতদসংক্রান্ত কোন প্রকার ওজর আপত্তি সরাসরি অগ্রাহ্য হবে।

১৩। বিমান হতে বিক্রয় প্রস্তাবপত্র প্রাপ্তির পর কৃতকার্য দরদাতা বর্ণিত সময়ের মধ্যে মালামাল এর বিক্রয় মূল্য ও বিক্রয় মূল্যের ৫% হারে অগ্রীম আয়কর এবং ৭.৫০% হারে মূল্য সংযোজন কর (জাতীয় রাজস্ব বোর্ডের সর্বশেষ এসআরও/গেজেট মোতাবেক যা হবে) সহ সর্বমোট মূল্যের অর্থ বাংলাদেশ বিমানের বলাকা ভবনস্থ প্রধান কার্য্যালয়ের ক্যাশ এন্ড ব্যাংকিং শাখায় সাত দিনের মধ্যে নগদ/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট জমা দিয়ে নির্দিষ্ট সময়ের মধ্যে মালামাল গ্রহন করতে হবে। অন্যথায় কোন প্রকার পূর্ব নোটিশ প্রদান ছাড়াই দাখিলকৃত জামানতের টাকা বাজেয়াপ্ত এবং বিক্রয় প্রস্তাবটি বাতিল হিসেবে গণ্য হবে।

১৪। দরদাতার অনুকূলে মালামাল বিক্রয়/ডেলিভারী আদেশ পত্র প্রেরিত হলে আংশিক/সমুদয় মালামাল ডেলিভারী গ্রহণে অপারগতা প্রকাশ করলে কিংবা নির্ধারিত সময়ের মধ্যে সকল মালামাল ডেলিভারী গ্রহণে ব্যর্থ হলে সমুদয় জমাকৃত অর্থ বাজেয়াপ্ত করা হবে এবং ডেলিভারি আদেশটি বাতিল হিসেবে গণ্য হবে।

১৫। বিমান বাংলাদেশ এয়ালাইন্সের কোন কর্মকর্তা/কর্মচারী স্ব-নামে/বে-নামে নিলামে অংশগ্রহণ করতে পারবে না।

১৬। ০৮/১০/২০২০ খ্রিঃ তারিখ ১১৩০ ঘটিকা পর্যন্ত ম্যানেজার কমার্শিয়াল স্টোরস্, প্রকিউরমেন্ট এন্ড লজিস্টিক সাপোর্ট পরিদপ্তর, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ, বিমান প্রশাসন ভবন, কক্ষ নং-২০৫, ঢাকা এর কার্য্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র জমা দিতে হবে। দরপত্র বাক্স বন্ধ করার পরে কোন দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৭। ০৮/১০/২০২০ খ্রিঃ তারিখ বেলা ১৪৩০ ঘটিকায় প্রকিউরমেন্ট এন্ড লজিস্টিক সাপোর্ট পরিদপ্তরের টেন্ডার কক্ষে বিমানের নিলাম কমিটি কর্তৃক উপস্থিত দরদাতাগণের (যদি কেহ উপস্থিত থাকেন) সম্মুখে দরপত্র খোলা হবে।

১৮। উপরে বর্ণিত শর্তাবলী যথাযথভাবে পূরণ করা না হলে দরপত্র বাতিল বলে গণ্য হবে।

১৯। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকেই বিমান বাংলাদেশ এয়ারলাইন্স কর্তৃপক্ষ দরপত্রে উল্লিখিত পরিমাণ কমানো বা বাড়ানো কিংবা যে কোন দরপত্র অথবা সকল দরপত্র গ্রহণ কিংবা প্রত্যাখান করার অধিকার সংরক্ষণ করেন।

মোহাম্মদ সারোয়ার হোসেন
ম্যানেজার কমার্শিয়াল স্টোরস

উপরোক্ত সকল শর্ত ও নিয়মাবলী মেনে চলতে বাধ্য থাকব।

দরদাতার স্বাক্ষরঃ ....

নামঃ..

ফোন/মোবাইল নম্বরঃ....................................

ইমেইল নম্বরঃ...

দরদাতা প্রতিষ্ঠানের নামঃ...

ঠিকানাঃ...

দরদাতা প্রতিষ্ঠানের সীল মোহরঃ...